

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯,  
কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

স্মারক নম্বর:২৪.০২.০০০০.০০০.০০০.৯৯.০০৩৮.২৬-১০০

তারিখ:০৮-০৬-২০২৬খ্রি:।


বিষয়: ইকোফ্যাক্ট লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৫১৯, তারিখ: ২৪/০৫/২০২৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ইকোফ্যাক্ট লিমিটেড, অফিস ও কারখানা: ই-১৬, বাসন সড়ক, ভোগড়া, জাতীয় বিশ্ববিদ্যালয়-১৭০৪,গাজীপুর সদর, গাজীপুর, নামক শিল্প কারখানা হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার প্রস্তাবিত নিবন্ধন সংখ্যা: আরএমজি/ইএক্সপি০০০১৩৩২-২৫, তারিখ: ২৫/০২/২০২৫ খ্রি: এবং শিল্প উপ-খাত: তৈরি পোশাক (নীট ও ওভেন)। শিল্প কারখানাটির অনুকূলে জারিকৃত শিল্প আইআরসি নং-২৬০৩২৬১২০৬৩০০২৫, তারিখ: ১৭/০৬/২০২৫খ্রি:। কারখানা কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশপত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এডহক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে বর্ণিত কারখানার অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা অপরিবর্তিত রেখে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক (নীট ও ওভেন) শিল্প হিসেবে কারখানাটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর সকল বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

০২। অতএব উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন সাপেক্ষে ইকোফ্যাক্ট লিমিটেড, এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা অপরিবর্তিত রেখে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হলো।

০৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।



মোহাম্মদ আলম রেজা  
উপ পরিচালক (উন্নয়ন)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসিটাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.৯৯.০০৩৮.২৬-১০০ (৫)

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০৮ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসিটাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- (২) এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- (৩) কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), প্লট নং-২, গরীব-ই- নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।
- (৪) ব্যবস্থাপনা পরিচালক, ইকোফ্যাক্ট লিমিটেড, অফিস ও কারখানা: ই-১৬, বাসন সড়ক, ভোগড়া, জাতীয় বিশ্ববিদ্যালয়-১৭০৪, গাজীপুর সদর, গাজীপুর।
- (৫) সহকারী পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস কেন্দ্র, বস্ত্র অধিদপ্তর, ঢাকা